

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২২, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখঃ ০১ আষাঢ় ১৪২১ বঙ্গাব্দ/১৫ জুন ২০১৪ খ্রিস্টাব্দ

নং ১৮/মূসক/২০১৪—যেহেতু State Credit Loan Agreement এর আওতায় বিমান বাহিনীর আধুনিকায়নে মিলিটারী সরঞ্জাম সংগ্রহের নিমিত্তে রাশিয়া সরকারের সাথে বাংলাদেশ সরকারের একটি খণ্ড চুক্তি স্বাক্ষরিত হইয়াছে এবং চুক্তি অনুযায়ী বাংলাদেশ সরকার অগ্রীম অর্থ পরিশোধের জন্য পূর্ণ চুক্তি মূল্যের উপর সোনালী ব্যাংকের মাধ্যমে LC খুলিবে এবং যে সরঞ্জামাদি সরবরাহ করা হইবে উহার অগ্রীম বাবদ ১০% মূল্য রাশিয়া সরকারকে প্রদান করিতে হইবে মর্মে চুক্তিতে উল্লেখ রহিয়াছে;

যেহেতু সরকারের স্বাক্ষরিত ছুক্তির Article-6 এর প্যারা-২ অনুযায়ী আলোচ্য ক্ষয়ে সকল প্রকার কর অব্যাহতি প্রদান করার শর্ত রহিয়াছে এবং মূল ছুক্তির শর্তানুযায়ী গত ১১ নভেম্বর, ২০১৩ তারিখে একটি আন্তঃ ব্যাংক চুক্তি স্বাক্ষরিত হইয়াছে এবং আন্তঃ ব্যাংক চুক্তির Article-9.2 মোতাবেক চুক্তি সংশ্লিষ্ট সকল প্রকার কমিশন/ফি/কর/যে কোন প্রকার চার্জ প্রযোজ্য হইবেনা মর্মে উল্লেখ রহিয়াছে;

(১৫২৩৭)

মূল্যঃ টাকা ৪.০০

যেহেতু মূল চুক্তি অনুযায়ী চুক্তি মূল্যের ৯০% অর্থ রাশিয়া সরকার সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রদান করিবে এবং অবশিষ্ট ১০% অগ্রীম হিসেবে বাংলাদেশ সরকারকে এলসির মাধ্যমে রাশিয়া সরকারকে পরিশোধ করিতে হইবে মর্মে উল্লেখ রহিয়াছে এবং আলোচ্য ক্রয়ে এলসির উপর আরোপিত কমিশন/মূসক/ট্যাক্স বাবদ কোন অর্থ বিমান বাহিনীকে বরাদ্দ করা হয়নি;

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪(১ক) এর প্রদত্ত ক্ষমতাবলে, আলোচ্য ক্ষেত্রে এলসি ফি'র কমিশনের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর ইইতে অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন
প্রথম সচিব (মূসক-অব্যাহতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ শাহ-ই-আলম পাটোয়ারী, ভারপ্রাপ্ত উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd